দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার, ৩রা জুন , ২০১৮ ইং

অননুমোদিত সময়ে ঘোষণা ছাড়াই শেয়ার বিক্রি করেছেন শাহজালাল ব্যাংক উদ্যোক্তা!

কোনো ধরনের পূর্বঘোষণা ছাড়াই নিষিদ্ধ সময়ে অর্ধকোটিরও বেশি শেয়ার বিক্রি করেছেন শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেডের উদ্যোক্তা মোহাম্মদ হাসান। তাছাড়া শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত মূলধনি মুনাফার ওপর প্রযোজ্য ৫ শতাংশ করও এক্ষেত্রে পরিশোধ করা হয়নি। এতে শেয়ার বিক্রির মাধ্যমে সিকিউরিটিজ আইনের পাশাপাশি আয়কর আইনও ভঙ্গ করেছেন ব্যাংকটির এ উদ্যোক্তা। এ বিষয়ে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে (বিএসইসি) জমা দেয়া এক তদন্ত প্রতিবেদনে এমনটিই জানিয়েছে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) কর্তৃপক্ষ। সিএসইর প্রতিবেদন অনুসারে, গত বছরের অক্টোবরে উদ্যোক্তা মোহাম্মদ হাসানের কাছে পুঁজিবাজারে তালিকাভুক্ত শরিয়াহভিত্তিক ব্যাংকটির ২ কোটি ৩১ লাখ ৭৭ হাজার ৯৪১টি শেয়ার ছিল। তবে এর পরের মাসেই, অর্থাৎ নভেম্বরে তার শেয়ার সংখ্যা কমে ১ কোটি ৭৫ লাখ ৬৩ হাজারে দাঁড়ায়।http://bonikbarta.net

আমান কটনের চাঁদা গ্রহণ শুরু আজ

বুকবিল্ডিং পদ্ধতির প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) দ্বিতীয় ধাপে সাধারণ বিনিয়োগকারীদের কাছ থেকে চাঁদা গ্রহণের অনুমতি পেয়েছে আমান কটন ফাইব্রাস লিমিটেড। আজ থেকে ১০ জুন পর্যন্ত এ কোম্পানির প্রাথমিক শেয়ারের সাবস্ক্রিপশন চলবে। ৩ মে কোম্পানিটিকে আইপিও সাবস্ক্রিপশন শুরুর জন্য সম্মতিপত্র দেয় নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। তথ্যানুসারে, ৬২৯তম কমিশন সভায় বুকবিল্ডিং পদ্ধতির আপিওর মাধ্যমে আমান কটনকে ৮০ কোটি টাকা মূলধন উত্তোলনের অনুমোদন দেয় বিএসইসি। প্রথম দফায় যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের (ইআই) বিডিংয়ে আমান কটনের প্রতিটি শেয়ারের জন্য ৪০ টাকা কাট অফ প্রাইস নির্ধারিত হয়। এ দামে ১ কোটি ২৫ লাখ শেয়ার পাচ্ছে ইআইরা। আর বাকি অর্থ সংগ্রহের জন্য নিয়ম অনুযায়ী কাট অফ প্রাইসের চেয়ে ১০ শতাংশ কম মূল্যে অর্থাৎ ৩৬ টাকা দরে সাধারণ বিনিয়োগকারীদের কাছে ৮৩ লাখ ৩৩ হাজার ৩৩৩টি শেয়ার বিক্রি করবে কোম্পানিটি। সে শেয়ারগুলো কেনার জন্যই চাঁদা ও আবেদন জমা দেবেন সাধারণ বিনিয়োগকারীরা। ।http://bonikbarta.net

বাজেট বাস্তবায়ন সক্ষমতা বৃদ্ধির আহ্বান

বাজেটের শুধু আকার বাড়ালেই হবে না, পাশাপাশি তা বাস্তবায়নের সক্ষমতা বাড়াতে হবে। একই সঙ্গে ব্যাংকিং খাতের সংস্কারে কমিশন গঠন, সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে কমিশন গঠন, শিক্ষা খাতে কৌশল পরিবর্তন, সরকারি কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি এবং রাজস্বসংক্রান্ত নীতি প্রণয়নের জন্যও কমিশন গঠন করতে হবে। আসন্ন বাজেট নিয়ে বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) গতকাল আয়োজিত এক গোলটেবিল বৈঠকে অর্থনীতিবিদ, আমলা ও ব্যবসায়ীদের মন্তব্যে এ কথা উঠে আসে। 'জাতীয় বাজেট ২০১৮-১৯ শেষ মুহূর্তের ভাবনা' শীর্ষক গোলটেবিল বৈঠকটি রাজধানীর বনানীতে হোটেল গোল্ডেন টিউলিপে অনুষ্ঠিত হয়।http://bonikbarta.net

প্রকল্পে দেশীয় কনসালট্যান্ট নিয়োগে সময় ও অর্থের সাশ্রয় হবে

বাংলাদেশে কনসালট্যান্সির ক্ষেত্রটি বেশি পরিচিতি পায়নি। যদিও বাংলাদেশের কনসালট্যান্টরা এখন আন্তর্জাতিক সংস্থায় দক্ষতার সঙ্গে কাজ করছেন। সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রকল্পে দেশী কনসালট্যান্ট নিয়োগ করা হলে তাতে সময় ও অর্থ দুটোই সাশ্রয় হবে। সম্প্রতি রাজধানীর বনানী ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট কনসালট্যান্টস বাংলাদেশের (আইএমসিবি) চেয়ারম্যান এম জাকির হোসেন। আন্তর্জাতিক ম্যানেজমেন্ট কনসালট্যান্সি ডে-২০১৮ উপলক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে আইএমসিবি।।http://bonikbarta.net

মার্কিন শুল্কের বিরুদ্ধে ইইউর পাল্টা আইনি পদক্ষেপ

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপ করা উচ্চহারে আমদানি শুল্কের বিরুদ্ধে ক্ষুব্ধ ইউরোপীয় ইউনিয়ন পাল্টা জবাব দেয়ার হুমকি দিয়েছে। এর আগে ট্রাম্প প্রশাসন ইস্পাত ও অ্যালুমিনিয়াম শুল্ক থেকে সাময়িক রেয়াত দিলেও শুক্রবার থেকে এ শুল্ক আবারো কার্যকর হলে কানাডা, মেক্সিকোসহ যুক্তরাষ্ট্রের অন্য মিত্রদের পাশাপাশি বিক্ষুব্ধ হয়ে ওঠে ইইউ। খবর এএফপি। মার্কিন পণ্যের ওপর পাল্টা শুল্ক আরোপ করার হুমকি ছাড়াও ব্রাসেলস শুক্রবার ওয়াশিংটনের সিদ্ধান্তের বিরুদ্ধে বিশ্ব বাণিজ্য সংস্থায় আইনি পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছে। ট্রাম্প প্রশাসনের আরোপ করা ইস্পাতের ওপর ২৫ শতাংশ ও অ্যালুমিনিয়ামের ওপর ১০ শতাংশ শুল্কের জন্য ওয়াশিংটন ছাড়াও মেধাস্বত্ব-সংক্রান্ত বিষয়ে চীনের বিরুদ্ধেও ডব্লিউটিওর দ্বারস্থ হয়েছে ইইউ।http://bonikbarta.net

১৩ মাসের সর্বনিম্নে ওপেকের জ্বালানি তেল উত্তোলন

অপরিশোধিত জ্বালানি তেল রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব দ্য পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজ (ওপেক)। আন্তর্জাতিক বাজারে সরবরাহ নিয়ন্ত্রণের মাধ্যমে জ্বালানি পণ্যটির দরপতনের লাগাম টানতে বৈশ্বিক উত্তোলন হ্রাসসংক্রান্ত চুক্তি এগিয়ে নিয়ে যাচ্ছে ওপেকভুক্ত দেশগুলো। চুক্তির আওতায় জোটভুক্ত দেশগুলো জ্বালানি তেল উত্তোলন নির্ধারিত পরিমাণে সীমাবদ্ধ রেখেছে। এ ধারাবাহিকতায় চলতি বছরের মে মাসে ওপেকভুক্ত দেশগুলোয় অপরিশোধিত জ্বালানি তেলের সম্মিলিত উত্তোলন ১৩ মাসের মধ্যে সর্বনিম্ন অবস্থানে নেমে এসেছে। মূলত ভেনিজুয়েলা ও নাইজেরিয়ায় জ্বালানি পণ্যটির উত্তোলন উল্লেখযোগ্য পরিমাণে কমে আসায় এ সময় জোটভুক্ত দেশগুলো অপরিশোধিত জ্বালানি তেলের সম্মিলিত উত্তোলনও কমেছে। ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্সের এক জরিপভিত্তিক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে।

টানা ১৪ মাস ধরে জাপান থেকে আন্তর্জাতিক বাজারে ইস্পাত রফতানিতে মন্দাভাব বজায় ছিল। এ ধারাবাহিকতায় চলতি বছরের এপ্রিলেও জাপানি প্রতিষ্ঠানগুলো থেকে পণ্যটির রফতানি আগের বছরের একই সময়ের তুলনায় সাড়ে ৫ শতাংশ কমেছে। এর মধ্য দিয়ে দেশটি থেকে আন্তর্জাতিক বাজারে পণ্যটির রফতানি নয় বছরের সর্বনিম্ন অবস্থানে নেমে এসেছে। জাপান আয়রন অ্যান্ড স্টিল ফেডারেশনের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। খবর নিক্কেই এশিয়ান রিভিউ। প্রতিবেদনের তথ্য অনুযায়ী, চলতি বছরের এপ্রিলে জাপান থেকে আন্তর্জাতিক বাজারে সব মিলিয়ে ২৮ লাখ ৩৬ হাজার টন ইস্পাত রফতানি হয়েছে, যা আগের বছরের একই সময়ের তুলনায় ৫ দশমিক ৫ শতাংশ বেশি। ২০০৯ সালের মে মাসের পর এটাই জাপান থেকে ইস্পাত রফতানির সর্বনিম্ন মাসভিত্তিক পরিমাণ।http://bonikbarta.net।